মেহেরপুরে নিখোঁজের ৭ দিন পর পরিত্যক্ত অবস্থায় নারীর মরদেহ উদ্ধার

মেহেরপুরে নিখোঁজের ৩ দিন পর টগরী খাতুন (৩৫) নামের এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৫টার দিকে মেহেরপুর পৌর এলাকার ক্যাশবপাড়া এলাকার একটি পরিত্যক্ত জায়গা থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ।

নিহত টগরী খাতুন মেহেরপুর সদর উপজেলার উজলপুর গ্রামের সেন্টু মিয়ার স্ত্রী। তার দুটি পুত্রসন্তান রয়েছে।

স্থানীয়রা জানান, নোমান গার্মেন্টসের স্বত্বাধিকারী নোমানের ক্যাশবপাড়ার পরিত্যক্ত জমিতে একটি নারীর মরদেহ পড়ে থাকতে দেখে তারা পুলিশে খবর দেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে মরদেহ উদ্ধার করে। পরে নিহতের স্বামী সেন্টু মিয়া ঘটনাস্থলে এসে মরদেহটি তার স্ত্রীর বলে শনাক্ত করেন।

নিহতের স্বামী সেন্টু মিয়া অভিযোগ করে বলেন, ৩ দিন আগে তার স্ত্রী টগরী খাতুন বাড়ি থেকে টাকা-পয়সা ও স্বর্ণালঙ্কার নিয়ে বের হন। এরপর থেকে তার কোনো সন্ধান পাওয়া যায়নি। এ ঘটনায় তিনি একাধিকবার মেহেরপুর সদর থানায় যোগাযোগ করলেও পুলিশের পক্ষ থেকে সহযোগিতা পাননি বলে দাবি করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেলা হাসপাতাল মর্গে পাঠানো হবে। ময়নাতদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

মেহেরপুর সদরের মোমিনপুর গ্রামে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার সিংহাটি গ্রামের বিশিষ্ট রাজনীতিবিদ ও সমাজসেবক হাসিবুল হাসান বাবু খান এর পক্ষ থেকে অসহায় দুস্থ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকেলে মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বারাদী ইউনিয়নের মোমিনপুর গ্রামের দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়। হাসিবুল হাসান বাবু খান ব্যক্তিগত উদ্যোগে দীর্ঘদিন যাবত বারাদী ইউনিয়নসহ বিভিন্ন গ্রামের মানুষের কল্যানে সমাজসেবা মূলক কার্যক্রম পরিচালনা করে আসছেন।

তিনি মসজিদ-মাদ্রাসা নির্মাণ, টিউবওয়েল স্হাপন, ঈদ মৌসুমে শাড়ী, লুঙ্গি, থ্রি পিচ বিতরণ সহ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ কার্যক্রম করে বেশ সুনাম কুড়িয়েছেন।

এই শীতে তিনি বারাদী ইউনিয়নের ষোলটি গ্রামের অসহায় দুস্থ ও হতদরিদ্র পরিবারের মাঝে তিন হাজার পাঁচশতটি কম্বল বিতরণ করবেন বলে জানা যায়। এসময় তার প্রতিনিধি মন্টু মিয়া, সাইদ হাসান লিমন ও আনন্দ কুমার উপস্থিত ছিলেন।

নাজমুল হুদার বার্ষিক আয় ৪ লাখ ৭৩ হাজার টাকা

মেহেরপুর-২ (গাংনী) আসনের জামায়াতের প্রার্থী মোঃ নাজমুল হুদা। তিনি জেলা জামায়াতের সূরা সদস্য এবং উপজেলা সমাজকল্যাণ বিভাগের দায়িত্ব পালন করছেন।

তাঁর বাৎসরিক আয় ৪ লাখ ৭৩ হাজার ৫শ টাকা, যা তিনি ব্যবসা থেকে আয়

করেন। তাঁর কৃষি ও অকৃষি জমি, পুকুর, বসতবাড়ি ও ব্যবসা মিলিয়ে মোট সম্পদের পরিমাণ ১ কোটি টাকা। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জমা দেওয়া হলফনামার আয়কর বিবরণীতে তিনি এ তথ্য উল্লেখ করেছেন।

জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে জমা দেওয়া নাজমুল হুদার হলফনামা বিশ্লেষণ করে দেখা গেছে, তাঁর পৈত্রিক সূত্রে প্রাপ্ত ও অর্জিত ৩৩ শতাংশ জমি, ৫ শতাংশ পুকুর, দ্বিতল বাড়ি, ইলেকট্রনিক্স সামগ্রী ও অন্যান্য আসবাবপত্র রয়েছে। তাঁর হাতে নগদ অর্থ রয়েছে ২৬ লাখ ৪ হাজার ৩১০ টাকা, যা তিনি ব্যবসা ও নিজস্ব সম্পদ থেকে আয় করেছেন। ২০২৫-২৬ অর্থবছরে তিনি আয়কর দিয়েছেন ৩ হাজার টাকা।

তাঁর স্ত্রী মোছাঃ হাফিজা খাতুন একজন গৃহিণী। স্ত্রীর উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ১০ তোলা স্বর্ণ ও নগদ ৭ লাখ ৫০ হাজার টাকা রয়েছে।
নাজমুল হুদার বিরুদ্ধে বিভিন্ন সময়ে ৭টি মামলা হয়েছে। এর মধ্যে ৫টি মামলায় খালাস, একটি অব্যাহতি এবং একটি প্রত্যাহার হয়েছে।

মেহেরপুরে বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় দোয়া

সাবেক প্রধানমন্ত্রী মরহুমা দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় মেহেরপুর পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড বিএনপি’র উদ্যোগে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার অনুষ্ঠিত এ দোয়া মোনাজাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য, বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌর বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

দোয়া মোনাজাতে বক্তারা মরহুমা বেগম খালেদা জিয়ার রাজনৈতিক

অবদান স্মরণ করেন এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করেন। একই সঙ্গে দেশ ও জাতির কল্যাণ, গণতন্ত্র পুনরুদ্ধার এবং শান্তি-সমৃদ্ধ বাংলাদেশের জন্য বিশেষ দোয়া করা হয়।

এ সময় মেহেরপুর পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় স্কুল, মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৬ দিনব্যাপী ৫৪তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকালে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। তিনি জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে ৬ দিনব্যাপী শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের গার্ল গাইডস সদস্যরা মনোজ্ঞ কুচকাওয়াজ প্রদর্শন করে। এ সময় উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম প্যারেড পরিদর্শন ও সালাম গ্রহণ করেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মনিরুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল ইসলাম এবং কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম, ক্রীড়া শিক্ষক ফারহা হোসেন লিটন, আব্দুল কুদ্দুসসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা।

উল্লেখ্য, এই শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করছে।

মেহেরপুরের বারাদীতে খালেদা জিয়ার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়ন বিএনপি’র আয়োজনে বিএনপি চেয়ারপার্সন দেশনেত্রী মরহুমা বেগম খালেদা জিয়ার আত্মার মাগফেরাত কামনায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত রবিবার বিকেল সাড়ে ৪ টায় বারাদী ইউনিয়ন বিএনপি’র কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। জেলা তাঁতীদলের সভাপতি আরজুল্লাহ রহমান বাবলুর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহঃ সভাপতি মাহফুজুর রহমান, স্বেচ্ছাসেবক দলের সাবেক সহঃ সভাপতি আঃ হামিদ মোল্লা (লিপন), ইউনিয়ন যুবদলের সিনিয়র সভাপতি সোহাগ আলী।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, সাবেক ছাত্রনেতা হাসানুর রহমান বিট্টু। আরও উপস্হিত ছিলেন, বারাদী ইউনিয়ন কৃষক দলের সাবেক সভাপতি আব্দুল মান্নাফ আলী, ইউনিয়ন যুবদলের যোগাযোগ সম্পাদক শরিফুল ইসলাম। দোয়া পরিচালনা করেন, মাওলানা মুফতি আমিনুর রহমান।

মেহেরপুরে প্রবীণদের মিলনমেলায় চোখ ভিজেছে আবেগে

বয়সের ভারে নুয়ে পড়া শরীর, কপালে সময়ের ভাঁজ, তবু একদিনের জন্য সবকিছু ছাপিয়ে ফিরে এলো হারিয়ে যাওয়া শৈশব। বহু বছর পর আবার একসাথে বসে হাসি, গল্প, খেলাধুলা আর স্মৃতিচারণে মেতে উঠলেন দেড় শতাধিক প্রবীণ। মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে আয়োজন করা হলো ব্যতিক্রমী এক প্রবীণ মিলনমেলা।

শনিবার (৩ জানুয়ারি) সকাল থেকেই গ্রামের পরিবেশ বদলে যায়। ফুল আর ভালোবাসায় প্রবীণদের বরণ করে নেয় তরুণ প্রজন্ম। চোখে চোখে মিশে যায় দুই প্রজন্মের আবেগ। নীরবতা ভেঙে চারদিকে ছড়িয়ে পড়ে হাসি আর গল্পের ঝর্ণাধারা।

এই ব্যতিক্রমী আয়োজনের সবচেয়ে আবেগঘন মুহূর্ত আসে যখন গ্রামের ১১৫ বছর বয়সী প্রবীণ আজিল হককে বিশেষ সম্মাননা দেওয়া হয়। তার হাতে তুলে দেওয়া হয় ক্রেস্ট। এরপর তিনিই ফিতা কেটে দিনব্যাপী মেলার উদ্বোধন করেন। বয়স যেন তখন তার কাছে হার মানে।

চকশ্যামনগর সমাজকল্যাণ ফাউন্ডেশনের আয়োজনে অনুষ্ঠিত এই মেলায় অংশ নেন এলাকার প্রায় দেড় শতাধিক প্রবীণ নারী-পুরুষ। বহু বছর পর হারিয়ে যাওয়া শৈশবের বন্ধুকে কাছে পেয়ে অনেকেই আবেগে আপ্লুত হয়ে পড়েন। কেউ শোনান স্কুলজীবনের গল্প, কেউবা খুলে ধরেন যৌবনের স্মৃতির ঝাঁপি।

মেলার অংশ হিসেবে ছিল নানান খেলাধুলা। বয়স ভুলে প্রাণ খুলে খেলায় মেতে ওঠেন প্রবীণরা। দেখে মনে হচ্ছিল সময় থমকে গেছে, ফিরে এসেছে শৈশবের সেই আড্ডা।

খেলাধুলার পাশাপাশি আয়োজন করা হয় ঐতিহ্যবাহী বাঙালি নাশতার। কলাপাতায় পরিবেশন করা হয় চিড়া, দই, মুড়কি, গুড় ও রসগোল্লা। দুপুরে ছিল ভাত, মাংস, ডাল ও সবজি। ভাগাভাগি করে খাওয়ার প্রতিটি মুহূর্তেই ছিল বন্ধুত্ব আর ভালোবাসার উষ্ণতা।

খেলাধুলায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হলেও, এই মেলার সবচেয়ে বড় প্রাপ্তি ছিল একটু হাসি, একটু আপন হওয়া।

স্থানীয় প্রবীণ আব্দুর রহমান ও জামাল উদ্দীন বলেন, ছোটবেলায় খেলায় মেতে থাকতাম। মা বারবার বলতো খেয়ে নে। না শুনলে বকাবকি করতো। আজ আবার সেই শৈশবে ফিরে গেলাম। বন্ধুদের সাথে অনেক গল্প করেছি। জানি না, আবার সবাই একসাথে হতে পারবো কিনা। গত বছরে আমাদের ছয়জন সঙ্গী আর নেই।

আয়োজক কমিটির সদস্য রকিবুল ইসলাম রকি বলেন, ‘প্রবীণদের একঘেঁয়েমি দূর করতেই এই আয়োজন। আমরা চাই, তারা এখানে এসে হারিয়ে যাওয়া শৈশব আর বন্ধুত্ব খুঁজে পাক।’

দিন শেষে সবাই ফিরে যান নিজ নিজ ঘরে। কিন্তু রেখে যান ভালোবাসা, স্মৃতি আর আবেগের গল্প।

এই প্রবীণমেলা প্রমাণ করে একটু সময়, একটু যত্নই ফিরিয়ে দিতে পারে জীবনের সবচেয়ে দামি হাসিটুকু।

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী স্কুলের অসহায় প্রতিবন্ধীদের মাঝে শীতবস্ত্র হিসেবে ৮০টি কম্বল বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকালে স্কুল প্রাঙ্গণে আয়োজিত এ কর্মসূচিতে কম্বল বিতরণ করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম। শীত মৌসুমে অসহায় প্রতিবন্ধী শিক্ষার্থীদের কষ্ট লাঘবের লক্ষ্যে এ উদ্যোগ নেওয়া হয়।

এ সময় উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তা, বিদ্যালয়ের

শিক্ষকবৃন্দ ও অভিভাবকরা উপস্থিত ছিলেন। কম্বল পেয়ে প্রতিবন্ধী শিক্ষার্থী ও তাদের পরিবার সন্তোষ প্রকাশ করেন এবং এ ধরনের মানবিক উদ্যোগ অব্যাহত রাখার দাবি জানান।

ভোটের গাড়ি আজ মেহেরপুরে

‘দেশের চাবি আপনার হাতে‘ স্লোগানে গণভোট ও জাতীয় নির্বাচন সামনে রেখে প্রচারণা চালিয়ে যাওয়া ‘ভোটের গাড়ি’ আজ মেহেরপুরে।

মেহেরপুর শহরের ড. শহীদ সামসুজ্জোহা পার্কে এ গাড়ির মাধ্যমে আজ রবিবার বিকাল ৩ টা থেকে শুরু হয়ে সন্ধা ৬ টা পর্যন্ত চলবে এ প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী।

মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর ভোটের গাড়ির প্রচারণা কাযর্যক্রমের উদ্বোধণ করেন। এসময় পুলিশ সুপার উজ্জল কুমার রায়, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম উপস্থিত ছিলেন। মেহেরপুরের বিভিন্ন সরকারি বেসরকারি দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ও সাধারণ ভোটাররা প্রচার কার্যক্রম উপভোগ করেন।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বক্তব্য ছাড়াও ‘ভোটের গাড়ি’র মাধ্যমে প্রদর্শিত প্রামাণ্য চলচ্চিত্রের মধ্যে রয়েছে জুলাই গণ অভ্যুত্থান, জুলাই যোদ্ধা, আবরার ফাহাদ হত্যা, ফেলানী হত্যাকাণ্ড, প্রবাসীদের ভোট, গণভোটের মাধ্যমে সংস্কার ইত্যাদি।

আসন্ন গণভোট ও জাতীয় নির্বাচন সামনে রেখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ‘সুপার কারাভান’ নামে ১০টি গাড়ির বহর নিয়ে গত ২২ ডিসেম্বর এ যাত্রা শুরু করে। ৩০ ডিসেম্বর মেহেরপুরে প্রদর্শণী হওয়ার কথা থাকলেও রাষ্ট্রিয় শোকের কারণে তা স্থগিত করা হয়।

পরবর্তিতে ৪ জানুয়ারি রবিবার প্রদর্শণী করা হয়। তীব্র শীত উপেক্ষা করেও দর্শনার্থীরা ভোটের গাড়ির বিভিন্ন কার্যক্রম ও চলচ্চিত্র উপভোগ করেন।

ভোটের গাড়ির প্রচারণা কার্যক্রম উদ্বোধনকালে মেহেরপুর জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবীর বলেন, “বিগত তিনটি সংসদ নির্বাচনে মানুষজন স্বতস্ফুর্তভাবে ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। কিন্তু এবারের নির্বাচনে আপনারা আপনাদের ভোটাধিকার এবং গণভোটে মতামত প্রদান করতে করবেন। যদি আপনারা সংস্কারের পক্ষে থাকেন, যদি আপনারা নতুন বাংলাদেশের পক্ষে থাকেন তবে ‘হ্যা’ ভোট দিবেন। আর যদি মনে করেন বাংলাদেশে পিছিয়ে যাক, সংস্কারের প্রয়োজন নাই তাহলে আপনারা ‘না’ভোট প্রয়োগ করবেন।”

মেহেরপুরে আজ ভোটের গাড়ির প্রচার শুরু

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষে ভোটারদের সচেতন ও উদ্বুদ্ধ করতে মেহেরপুরে আজ রোববার থেকে ‘ভোটের গাড়ি’র প্রচার কার্যক্রম শুরু হচ্ছে।

রোববার বিকেল ৩টায় শহীদ শামসুজ্জোহা পার্কে এ প্রচারণার উদ্বোধন করা হবে। এ সময় গণভোট ২০২৬, সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে এই বিষয়ে ভোটারদের মধ্যে সচেতনতামূলক বার্তা প্রচার করা হবে।

আয়োজকদের জানান, ভোটের গাড়ি’র মাধ্যমে জেলার বিভিন্ন এলাকায় ঘুরে ভোটারদের ভোটাধিকার প্রয়োগে উদ্বুদ্ধ করা হবে।

পাশাপাশি নির্বাচন ও গণভোট সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য তুলে ধরে অংশগ্রহণমূলক ও উৎসবমুখর পরিবেশ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে।